

আজ ছাত্রলীগের ৫৫তম প্রতিষ্ঠাবার্ষিকী

১. নিম্ন বার্তা পরিবেশক : ঐতিহ্যবাহী ছাত্র প্রতিষ্ঠান ছাত্রলীগের ৫৫তম প্রতিষ্ঠাবার্ষিকী আজ পনিবার। এ উপলক্ষে আজ বিভিন্ন কর্মসূচি গ্রহণ করা হয়েছে।

পাকিস্তান প্রতিষ্ঠার মাত্র এক বছর পর ১৯৪৮ সালের ৪ঠা জানুয়ারি তৎকালীন মুসলিম লীগ শাসকগোষ্ঠীর অন্যায় কর্মকাণ্ডের প্রতিবাদে - প্রতিষ্ঠিত হয়েছিল মুসলিম ছাত্রলীগ। ৫২-এর জাভা আন্দোলনের পর সংগঠনের নাম থেকে মুসলিম শব্দটি কান দিয়ে ছাত্রলীগ পরিণত হয় একটি ধর্ম-নিরপেক্ষ ছাত্র সংগঠনে।

৪৮-এ প্রতিষ্ঠার পর থেকেই জাভা আন্দোলন, ৬২-এর শিক্ষা আন্দোলন, ৬ দফা, গণঅস্বাভাবন, মুক্তিযুদ্ধসহ এই ভূখণ্ডের সকল গণতান্ত্রিক আন্দোলনে ছাত্রলীগ গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। কালের বিবর্তনে

ছাত্রলীগের : পৃঃ ২ কঃ ৩

ছাত্রলীগের : প্রতিষ্ঠাবার্ষিকী
(১ম পৃষ্ঠার পর)

আন্দোলন-সংগ্রামের পরিকল্পিত সংগঠন ছাত্রলীগ অর্থও থাকতে পারেনি। মূল আঁহন আসে স্বাধীনতার পর ১৯৭২ সালে। বর্তমানে আওয়ামী লীগ সমর্থক বাংলাদেশ ছাত্রলীগ মূল সংগঠন হিসেবে পরিচিত। এছাড়া জাসদ (ইসি) সমর্থিত বাংলাদেশ ছাত্রলীগেরও রয়েছে সেশব্যাপী বিস্তৃত সংগঠন।

দিবসটি উপলক্ষে বাংলাদেশ ছাত্রলীগ আজ সকাল ৬টায় সংগঠনের কার্যালয়ে জাতীয় ও দলীয় পতাকা উত্তোলন, সকাল ৮টায় বঙ্গবন্ধু ভবনে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পার্ঘ্য অর্পণ ও সকাল ১০টায় ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে র্যালির কর্মসূচি গ্রহণ করেছে। এছাড়া ১৬ই জানুয়ারি ইন্ডিনিয়ার্স ইনস্টিটিউশন মিলনায়তনে অনুষ্ঠিত হবে পুনর্মিলনী। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন আওয়ামী লীগ সভানেত্রী শেখ হাসিনা।

জাসদ (ইসি) সমর্থিত ছাত্রলীগ দিবসটি উপলক্ষে দুপুর ১২টায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের অপরাহ্নেয় বাংলায় পানদেশে সমাবেশ এবং সমাবেশে র্যালির কর্মসূচি গ্রহণ করেছে।

বাংলাদেশ ছাত্রলীগ (বাসদ) আজ সকাল ৬টায় দলীয় ও জাতীয় পতাকা উত্তোলন এবং সকাল ১০টায় কেন্দ্রীয় শহীদ মিনারে পুষ্পস্তবক অর্পণ করবে। ১৭ই জানুয়ারি ডাকসু ক্যাফেটেরিয়ায় অনুষ্ঠিত হবে পুনর্মিলনী।